

## শিশুশিক্ষা নিয়ে সম্মেলন শুরু শৈশবের শিক্ষা হতে হবে শিশুবান্ধব

বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদক ●

মানুষের শিক্ষাকাল শুরু হয় জন্মের পর থেকেই। যে শিশু জন্মের পর থেকে ভালো মঙ্গল ও ভালো পরিবেশ পায়, সে পরবর্তী জীবনেও ভালো করে। তাই শৈশব থেকেই শিশুদের জন্য ভালো পরিবেশ তৈরি করতে হবে। পশুপাশি উদ্দেশ্যে জন্য শিশুবান্ধব শিক্ষা নিশ্চিত করতে হবে।

শিশুবান্ধব শিক্ষাব্যবস্থা বিষয়ে প্রথমবারের মতো আয়োজিত দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে গতকাল বুধসন্ধ্যার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডাঃ আঃ মঃ আরেফিন সিনিক এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (আইইআর) উদ্যোগে দিনেট ভবনে এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

গতকাল সকাল ১০টার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আরেফিন সিনিক এ সম্মেলনের উদ্বোধন করেন। প্রধান অতিথির বক্তব্য তিনি আরও বলেন, পরিবর্তনশীল বিশ্বে টিকে থাকতে হলে ক্রমাগত শিখতে হবে এবং শেখাতে হবে। সেই সঙ্গে শিখন ও শিক্ষণ প্রক্রিয়াকে দিন দিন সহজসাধ্য ও আধুনিক করতে হবে।

অনুষ্ঠানে অন্য বক্তরা বলেন, শিক্ষা মানুষের মৌলিক অধিকার। শিশুবেশা থেকেই এ অধিকার বাস্তবায়ন করতে হবে। কিন্তু এই অধিকার থেকে পৃথিবীর অনেক শিশু আজও বঞ্চিত। আর যারা শিক্ষার সুযোগ পায়, তাদের মাথা খুব অল্পসংখ্যকই ভালো মানের শিক্ষক ও শিক্ষা উপকরণ পায়। এ ছাড়া শিশুদের জন্য যেসব পাঠ্যবই রচনা করা হয়, তাতে শিশুদের মনস্তত্ত্ব প্রাধান্য দেওয়া হয় না। শিশুদের ওপর জোর করে অনেক কিছু চাপিয়ে দেওয়া হয়। ফলে মূল উদ্দেশ্য ব্যাহত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন সিনিয়র প্রতিষ্ঠাতা ও সমন্বয়ক ডায়রি এ টেইলর। সম্মেলনের মত্যা ও উদ্দেশ্য সম্পর্কে বক্তব্য দেন অস্ট্রেলিয়ার মনোপ ইন্টারন্যাশনাল শিক্ষক জোয়ান ভোপলার ও উমেশ পর্মা। সভাপতিত্ব করেন আইইআরর পরিচালক সালমা আখতার।

এই সম্মেলন আয়োজনে সহায়তা দিয়েছে ব্রিটিশ কাউন্সিল, গ্র্যান্ড বালোদেশ, নেভ দ্য ডিসক্লেস সুইডেন-ডেনমার্ক এবং সাইট সেভারস ইন্টারন্যাশনাল।